

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪১৮

১/ বিবিধ

আরবী

اللحم بالبر مرقة الأنبياء ضعيف جدا

أخرجه السلمي في " طبقات الصوفية " (ص 497 - 498) : أخبرني أحمد بن عطاء الروذباري - إجازة - قال: حدثنا علي بن عبد الله العباسي قال: حدثنا الحسن ابن سعد قال: قال محمد بن أبي عمير قال هشام بن سالم قال عبد الله بن جعفر بن محمد الصادق حدثني أبي عن أبيه عن جده مرفوعا قلت: وهذا إسناد ضعيف جدا، أحمد بن عطاء قال الخطيب (4 / 336) روى أحاديث وهم فيها وغلط غلطا فاحشا، فسمعت أبا عبد الله محمد بن علي الصوري يقول: حدثونا عن الروذباري، عن إسماعيل بن محمد الصفار، عن الحسن بن عرفة أحاديث لم يروها الصفار عن ابن عرفة، قال الصوري: ولا أظنه ممن كان يتعمد الكذب، لكنه اشتبه عليه والحسن بن سعد والاثنان فوقه لم أعرفهم والحديث أورده السيوطي في " الجامع الصغير " من رواية ابن النجار عن الحسين، ولم يتكلم عليه الشارح بشيء، فالظاهر أنه لم يقف على سنده

বাংলা

৪১৮। গমের সাথে মাংস নবীগণের ঝোল।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি সুলামী “তাবাকাতুস সুফিয়াহ গ্রন্থে (পৃ. ৪৯৭-৪৯৮) বর্ণনা করেছেন। যার সনদে আহমাদ ইবনু আতা রুযবারী, হাসান ইবনু সাদ, মুহাম্মাদ ইবনু আবী উমায়ের এবং হিশাম ইবনু সালাম রয়েছে।

আমি (আলবানী) বলছিঃ এটির সনদটি নিতান্তই দুর্বল। আহমাদ ইবনু আতা সম্পর্কে আল-খাতীব (৪/৩৩৬) বলেনঃ তিনি কতিপয় হাদীস বর্ণনা করেছেন, যাতে তিনি সন্দেহের মধ্যে পড়েছেন। তিনি বাস্তবেই ভুল করেছেন। আমি আবু আবদিলাহ মুহাম্মাদ ইবনু আলী আস-সুরীকে বলতে শুনেছিঃ আমাদেরকে রুযবারী কতিপয় হাদীস ইসমাঈল ইবনু মুহাম্মাদ আস-সাফফার হতে শুনিয়েছেন এবং তিনি হাসান ইবনু আরাফা হতে শুনিয়েছেন। তিনি সেগুলো সাফফার ইবনু আরাফা হতে বর্ণনা করেননি। সুরী বলেনঃ আমি তার সম্পর্কে এরূপ ধারণা পোষণ করিনা যে, যারা ইচ্ছাকৃত মিথ্যা বলেছেন তিনি তাদের অন্তর্ভুক্ত। কিন্তু তার নিকট হাদীসগুলো গোলমাল হয়ে গেছে।

হাসান ইবনু সা'দ এবং তার উপরের দু' বর্ণনাকারীর কাউকেই আমি চিনি না। হাদিসটি সুয়ূতী "জামে'উস সাগীর" গ্রন্থে ইবনুন নাজ্জারের বর্ণনা হতে উল্লেখ করেছেন। এটির ব্যাপারে মানবী কোন কথা বলেননি। সম্ভবত সনদটির অবস্থা সম্পর্কে তিনি অবহিত হননি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68003>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন